

	----- লিমিটেড		
Title	<b>দক্ষতা উন্নয়নে বৃত্তিমূলক প্রশিক্ষণ নীতিমালা</b> <b>(Vocational Training for Skill Development Policy)</b>		
Reference:	Revision: 00	Version: 01	Effective date:

**১. নীতি (Policy statement):** BD Ltd. মিলস্ লিমিটেড একটি শতভাগ রপ্তানিমুখী কমপ্লায়েন্স কারখানা। কারখানা কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইন এবং শ্রম বিধিমালায় আলোকে শ্রমিকদের বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করে এবং কমিউনিটির জন্যও শিক্ষাস্তরভেদে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থা করা হয়।

**২. উদ্দেশ্য (Objective):** সকল রপ্তানীমুখী কারখানায় শ্রমিক কর্মচারীদের দক্ষতা একটি অপরিহার্য বিষয়। ভবিষ্যত শ্রম শক্তির কথা চিন্তা করে কমিউনিটির জন্য এসকল বৃত্তিমূলক প্রশিক্ষণ দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। শ্রমিক কর্মচারীরা যত বেশি দক্ষ হবে কাজের গুণগত মান তত বেশি উন্নত হবে। তাই শ্রমিক কর্মচারীদের দক্ষতা উন্নয়নে এবং ভবিষ্যত দক্ষ শ্রমিক তৈরীতে কারখানা কর্তৃপক্ষ বদ্ধপরিকর।

**৩. পদ্ধতি (Operational Procedure):** কারখানা কর্তৃপক্ষ সাধারণত দক্ষ কর্মী নিয়োগ করে থাকে। তবে কিছু ক্ষেত্রে অদক্ষ শ্রমিকও নিয়োগ করা হয়। যেমন- কম্পিউটারাইজড অটো নিটিং সেকশন। নিটিং সেকশনে দক্ষ টেকনিশিয়ান, ইনচার্জ এবং সুপারভাইজারগণ রয়েছেন; যারা অদক্ষ শ্রমিকদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করেন। এছাড়া অন্যান্য সেকশনেও শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির প্রয়োজন হলে স্বশ্রম সেকশনের টেকনিশিয়ান, ইনচার্জ এবং সুপারভাইজারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকেন। দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনে কারখানার অভ্যন্তরে বা বাহিরে প্রশিক্ষণ প্রদানকারী সংস্থার মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। এক্ষেত্রে প্রশিক্ষণের যাবতীয় খরচ কারখানা কর্তৃপক্ষ বহন করবে।

**৪. দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ও কর্তব্য (Responsible Persons and Responsibilities):** সাধারণত কারখানার অভ্যন্তরীণ প্রশিক্ষণের জন্য টেকনিশিয়ান, ইনচার্জ এবং সুপারভাইজারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকেন। যদি কারখানার অভ্যন্তরে বা বাহিরে কোন শ্রমিককে প্রশিক্ষণের জন্য প্রেরণ করতে হয়, তাহলে মানব সম্পদ বিভাগ উক্ত প্রশিক্ষণের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। মানব সম্পদ বিভাগ সকল ধরনের প্রশিক্ষণের রেকর্ড সংরক্ষণ করে থাকে।

**৫. প্রযোজ্য (Applicable):** এই নীতিমালা কারখানা কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন সময়ে পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন বা বিয়োজন করতে পারবে।